গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (সওজ)
সড়ক বিভাগ, সাতক্ষীরা।
ফোন নং-০৪৭১-৬২৬৫৭ / ফ্যাক্স নং-০৪৭১-৬২৬৫৬
Email:eesat@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.৮৭০০.৪৬৯.১৬.০০১.২১-৭৬৫ তারিখঃ ১১-১১-২০২১খ্রী:

# গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণ, সংশ্লিষ্ট সকল দপ্তর, সংস্থা ও কর্তৃপক্ষের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, ০৪ সেপ্টেম্বর, ২০২১ খ্রী: তারিখে বাংলাদেশ মহান জাতীয় সংসদে "মহাসড়ক আইন-২০২১" অনুমোদন হইয়াছে যাহা উক্ত তারিখেই গেজেট বিজ্ঞপ্তি আকারে প্রকাশিত হইয়াছে। উক্ত আইনের গুরুত্বপূর্ণ ধারাসমূহ নিম্নরূপ; যথা:-

ধারা ২। সংজ্ঞা।- (১৭) "সংরক্ষণ রেখা" অর্থ মহাসড়কের উভয় পার্শ্বে ভূমির প্রান্তসীমা (Right Of Way) হইতে ১০(দশ) মিটার অথবা সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপণের মাধ্যমে নির্ধারিত রেখা।

ধারা ৪। অধিদপ্তর এর কার্যাবলি।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে অধিদপ্তর এর কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:- (১৩) নির্ধারিত সংরক্ষণ রেখা ও নিয়ন্ত্রণ রেখা বজায় রাখা;

ধারা ৯। মহাসড়ক ব্যবহারের ক্ষেত্রে বিধি নিষেধ।-মহাসড়ক ব্যবহারের ক্ষেত্রে নিম্নরূপ বিধি-নিষেধসমূহ প্রযোজ্য হইবে, যথা:- (১) ফসল, খড় বা অন্য কোনো পণ্য শুকানো বা অনুরূপ কোনো কাজে মহাসড়ক ব্যবহার করা যাইবে না;

(৩) অধিদপ্তরের অনুমতি ব্যতীত মহাসড়কের কোনো প্রকার বিলবোর্ড, সাইনবোর্ড, তোরণ বা অনুরূপ কিছু টাঙানো বা স্থাপন করা যাইবে না;

(১০) মহাসড়কের নির্ধারিত সীমানার পার্শ্বে কোন অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে উক্ত অবকাঠামোর বেদির উচ্চতাসীমা (plinth level) কোন প্রকারে মহাসড়কের উপরিতল হইতে অধিকতর উচ্চতায় করা যাইবে না;

(১১)মহাসড়কের সংরক্ষণ রেখা (১০ মিটার বা ৩৩ ফুট) এর মধ্যে কোনো স্থাপনা নির্মান করা যাইবে না;

(১২) সরকারের পূর্বানুমোদন ব্যতীত, মহাসড়কের নিয়ন্ত্রণ রেখার মধ্যে কোন অবকাঠামো নির্মান, হাট-বাজার বসানো বা ব্যবসায়িক উদ্দেশ্যে মহাসড়কের কোন অংশ ব্যবহার করা যাইবে না;

(১৫) মহাসড়ক বা মহাসড়ক সংশ্লিষ্ট কোনো অংশে নির্মাণ সামগ্রী রাখা যাইবে না;

(১৭)কোনো ব্যক্তি মহাসড়কে স্থাপিত ট্রফিক সাইন, সাইন পোস্ট, সড়ক মার্কিং, সড়ক বাতি, সড়ক নিরাপত্তা সামগ্রী, সড়ক নিরাপত্তা বেষ্টনী, সড়কের সীমানা নির্ধারনী পোস্ট, কিলোমিটার পোস্ট, ইত্যাদি অপসারণ, ক্ষতিসাধন, ধ্বংস, পরিবর্তন বা কোনো বস্তু দ্বারা আচ্ছাদিত করিতে পারিবে না;

(১৮) কোনো ব্যক্তি অধিদপ্তরের পূর্বনুমোদন ব্যতীত, মহাসড়কের নিকটবর্তী জলাধারের দিক পরিবর্তণ বা জলাধারের স্বাভাবিক প্রবাহে প্রতিবন্ধকতা সৃষ্টি করিতে পারিবে না।

ধারা ১৪। অপরাধ ও দণ্ড।- (৭) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ধারা ৯ এর দফা (১১) বা (১২) এর বিধান লঙ্ঘন করিলে উক্ত কার্য হইবে একটি অপরাধ এবং উক্ত অপরাধের জন্য উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নির্বাহী ব্যক্তিবর্গ (executive body) বা তাহাদের সহায়তাকারী কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ স্থায়ী স্থাপনার ক্ষেত্রে অনূর্ধ্ব ২(দুই) বৎসরের কারাদণ্ড, বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড এবং অস্থায়ী স্থাপনার ক্ষেত্রে অনূর্ধ্ব ২(দুই) বৎসরের কারাদণ্ড, বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

এমতাবস্থায়, "মহাসড়ক আইন-২০২১" যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো হইলো।

(মীর নিজাম উদ্দিন আহমেদ)
পরিচিতি নং-৬০২১৫৬
নির্বাহী প্রকৌশলী,সওজ
সড়ক বিভাগ,সাতক্ষীরা।

উপরে বর্ণিত গনবিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ৪ কলাম X ৮ ইঞ্চি = ৩২ বর্গ ইঞ্চি কনসাইজ আকারে ১(এক) দিন বিজ্ঞাপন আকারে আগামী ০৩(তিন) দিনের মধ্যে ১ম পাতায় প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য এবং বিজ্ঞাপনের সৌজন্য কপি ও বিল অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইলো।

| | | | | |
|---|---|---|---|---|
| সম্পাদক: | সম্পাদক | সম্পাদক | সম্পাদক | সম্পাদক |
| দৈনিক যুগের বার্তা | দৈনিক কালেরচিত্র | দৈনিক পত্রদূত | দৈনিক দৃষ্টিপাত | দৈনিক কাফেলা |
| সাতক্ষীরা। | সাতক্ষীরা। | সাতক্ষীরা। | কেন্দ্রীয় বাস টার্মিনাল | কেবি আহছানউল্লাহ সড়ক, |
| | | | যশোর রোড, সাতক্ষীরা। | সাতক্ষীরা। |

Surveyor-C:\Users\ADMIN\Downloads\Gono bignpti Highways Act 2021.docx

অনুলিপি বিশেষ সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। মাননীয় সংসদ সদস্যগণ, সাতক্ষীরা-১ / ২ / ৩ / ৪, সাতক্ষীরা।

২। চেয়ারম্যান, জেলা পরিষদ, সাতক্ষীরা।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাতক্ষীরা সদর / তালা / কলারোয়া / আশাশুনি / দেবহাটা / কালীগঞ্জ / শ্যামনগর, সাতক্ষীরা।

৪। মেয়র, সাতক্ষীরা পৌরসভা / কলারোয়া পৌরসভা, সাতক্ষীরা।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, খুলনা জোন, খুলনা।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, খুলনা।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এম.আই.এস এন্ড এস্টেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।

৫। পুলিশ সুপার, সাতক্ষীরা।

৬। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

৭। সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ, প্রধান কার্যালয়, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৮। সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ, খুলনা জোন, সড়ক ভবন, বয়রা, খুলনা।

৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সাতক্ষীরা।

১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সাতক্ষীরা।

১১। নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো, সাতক্ষীরা বিদ্যুৎ সরবরাহ, সাতক্ষীরা।

১২। জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, তালা, সাতক্ষীরা।

১৩। নির্বাহী প্রকৌশলী, বিটিসিএল, সাতক্ষীরা।

১৪। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর / তালা / কলারোয়া / আশাশুনি / দেবহাটা / কালীগঞ্জ / শ্যামনগর, সাতক্ষীরা।

১৫। জেলা তথ্য কর্মকর্তা, সাতক্ষীরা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো।

১৬। অধিনায়ক, ৩৮ বিজিবি, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।

১৭। অফিসার ইন চার্জ, সাতক্ষীরা সদর / তালা / কলারোয়া / আশাশুনি / দেবহাটা / কালীগঞ্জ / শ্যামনগর থানা, সাতক্ষীরা।

১৮। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ ১/২, সাতক্ষীরা।